

ব্রিজটার্ট নং ৫ ডি প্রেস

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

(ক্ষমতা ক্ষেত্রে প্রকাশিত)

মঙ্গলবার, নভেম্বর ২৪, ১৯৮৭

[বাংলাদেশ গেজেট, অসাধারণ, তারিখ ১লা সেপ্টেম্বর, ১৯৮০-তে ইংরেজী ভাষায় প্রকাশিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী সচিবালয়

সংস্থাগন বিভাগ

বাস্তবায়ন কোষ

প্রজাপন

চাকা, ১লা সেপ্টেম্বর, ১৯৮০

এস, আর, ও, নং ৩৭৩-এল/৪০/ইডি/আইসি/এস-২-৬০/৪৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩০ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে, রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ অনুচ্ছেদের (২) দফার বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকাণ্ডনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেনঃ

১। সংক্ষিপ্ত শিরনাম।—এই বিধিমালা বাংলাদেশ সিভিল সার্ভিস (স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা : পরিবার পরিকল্পনা) গঠন ও ক্যাডার বিধিমালা, ১৯৮০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

- (ক) “ক্যাডার পদ” অর্থ তফসিলে অন্তর্ভুক্ত পদ;
- (খ) “কর্মকাণ্ডন” অর্থ বাংলাদেশ সরকারী কর্মকাণ্ডন;
- (গ) “শিক্ষানবিস” অর্থ ক্যাডার পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত ব্যক্তি;
- (ঘ) “তফসিল” অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল; এবং
- (ঙ) “সার্ভিস” অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা : পরিবার পরিকল্পনা)।

৩। সার্ভিস গঠন।—(১) বাংলাদেশ সিভিল সার্ভিস (স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা: পরিবার পরিকল্পনা) নামে একটি সার্ভিস গঠিত হইবে।

(২) এই সার্ভিস নিম্নবর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত হইবে; যথা—

(ক) সেই সকল ব্যক্তি যাহারা, তফসিলে উল্লেখিত সহকারী পরিচালক এবং তদৰ্থ'পদে ১৯৭৫ সালের ২১শে আগস্ট তারিখে কিংবা তৎপৰে' নিযুক্ত, আধীনস্থ অথবা পদোন্নত হইয়াছিলেন এবং তৎপৰতাবৃত্তীকালে কার্যশন কর্তৃক নিয়মিতভূত হইয়াছেন।

(খ) সেই সকল ব্যক্তি যাহার ১৯৭৫ সালের ২১শে আগস্টের পরে টাকা ৯০০—১৬১০ তক্কলো মেডিকেল অফিসার (এম. সি. এইচ) / (এম. এস. টি) / (ক্লিনিক) পদে নিযুক্ত বা পদোন্নতিপ্রাপ্ত হইয়াছিলেন এবং সরকারের অন্য কোন সার্ভিস বা পদে যাহাদের কোন লিঙেন নাই;

(গ) সেই সকল ব্যক্তি যাহারা তফসিলে বর্ণিত টাকা ৭৫০—১৪৭০ বা তদৰ্থ' স্কেলে পরিবার পরিকল্পনা অফিসার পদে ১৯৭৫ সালের ২১শে আগস্টের পরে নিযুক্ত বা পদোন্নতিপ্রাপ্ত হইয়াছিলেন এবং পরবর্তীকালে কার্যশন কর্তৃক নিয়মিতভূত হইয়াছেন; এবং

(ঘ) সেই সকল ব্যক্তি যাহারা সংশ্লিষ্ট নিয়োগ বিধি অন্যায়ী সার্ভিসে নিযুক্ত হইবেন।

৪। ক্যাডরে অন্তর্ভুক্ত পদসমূহ।—(১) তফসিলে উল্লেখিত পদসমূহ সার্ভিসের ক্যাডরে অন্তর্ভুক্ত হইবে এবং তফসিলে উল্লেখিত পদ সংখ্যা হইবে সার্ভিসের ক্যাডরের প্রারম্ভিক পদের সংখ্যা।

(২) সরকার সময়ে সময়ে এই ক্যাডরের পদের সংখ্যার পরিবর্তন করিতে পারিবেন।

৫। নিয়োগকারী কর্তৃপক্ষ।—রাষ্ট্রপ্রতি অথবা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন অফিসার কর্তৃক সার্ভিসে নিয়োগ দান করা যাইবে।

রাষ্ট্রপ্রতির আদেশক্রমে
করেজউনিভিল অবহেল
সচিব।

তফসিল

(বিধি ও দ্রষ্টব্য)

ক্রমিক নং	পদের শ্রেণী	পদের সংখ্যা
১। এহা পরিচালক	,	১
২। পরিচালক		৫
৩। উপ-পরিচালক		৭০
৪। সহকারী পরিচালক		১৬
৫। পরিবার পরিকল্পনা অফিসার		২৩০

মোটঃ ৩২২

যোঁ সিদ্ধিকুর রহমান, ডেপ্রিট কলেজোর, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা, কর্তৃক সুন্মিত।
যোদ্ধকার মাইক্রোল করিম, ডেপ্রিট কলেজোর, বাংলাদেশ ফরাস, ও প্রকাশনী অফিস, হেল্সাও, ঢাকা
কর্তৃক সুন্মিত।